

জাতীয় শিক্ষাক্রম ও টেকস্টবুক বোর্ড
“টেকস্টবুক ভবন”

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-২

তারিখ— ২৪-১২-৮৬

বিজ্ঞপ্তি নং-১০০

বিজ্ঞপ্তি

১৯৮৭ শিক্ষা বছরের জন্য প্রাথমিক স্তরের ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় সকল পাঠ্যপুস্তক দেশব্যাপী সকল স্কুলের জন্য ইতিমধ্যে পাঠানো হয়েছে। একই সাথে ঢাকায় বিতরণের জন্য বিভিন্ন থানা শিক্ষা অফিসারের কাছে পাঠ্যপুস্তক হস্তান্তর করা হয়েছে। আগামী ১লা জানুয়ারী তারিখে সকল ছাত্র-ছাত্রী হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক পৌঁছে দেওয়ার সকল প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। উল্লেখ্য যে, সরকারী/বেসরকারী সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পাঠ্যপুস্তক বিনামূল্যে বিতরণ করা হবে। এ জন্য কাউকে কোন মূল্য দিতে হবে না। কিংবা কেউ কোন মূল্য দাবী করতে পারবেন না। বাজারে বিনা মূল্যের পাঠ্যপুস্তক ক্রয় ও বিক্রয় নিষিদ্ধ। বিনামূল্যের পাঠ্যপুস্তক-এর ব্যাপারে কোথাও দুর্নীতির কোন খবর পেলে সাথে সাথে তা জেলা প্রশাসন ও আইন-শৃংখলা রক্ষাকারী সংস্থাকে জানানোর জন্য সংশ্লিষ্ট সকল মহলের প্রতি অনুরোধ জানানো যাচ্ছে। কোন প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্য বই যদি কম পড়ে তা সাথে সাথে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের মাধ্যমে টেকস্টবুক বোর্ডের ঠিকানায় অথবা মহা-পরিচালকের (প্রাইমারী) দপ্তরে জানাতে অনুরোধ করা হচ্ছে।

ডিএফপি (স)-২১৯৩২(৩) (২৪-০২)

ত্রি-১১৬৫/৮৬

সদস্য টেকস্টবুক উৎপাদন ও বিতরণ
জাতীয় শিক্ষাক্রম ও টেকস্টবুক বোর্ড, ঢাকা।

ফোনঃ নং- ৩২০৮০৫